



Embassy of the People's Republic of Bangladesh

6-Zemledelchesky Pereulok, Moscow 119121

Tel: +7 (499) 246 7804, Fax: +7 (499) 766 4300

E-mail: bdootmoscow@gmail.com

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০০৪ সালের ২১ অগাস্টে ঢাকায় সংঘটিত ভয়াবহ গ্রেনেড হামলায় হতাহতদের স্মরণে বাংলাদেশ দুতাবাস, মঙ্গোলিয়া একটি আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন।

২১ অগাস্ট ২০২০:

২০০৪ সালের ২১ অগাস্টে ঢাকায় ভয়াবহ গ্রেনেড হামলায় হতাহতদের স্মরণে বাংলাদেশ দুতাবাস, মঙ্গোলিয়া একটি স্মরণ সভা ও আলোচনা সভার আয়োজন করা হয়। মান্যবর রাষ্ট্রদূত জনাব কামরুল আহসান এর সভাপতিত্বে আয়োজিত সভায় দুতাবাসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরান থেকে পাঠ করা হয় এবং ২১ অগাস্টে শহীদ সকলের স্মৃতির প্রতি শুক্রা জানাতে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়। এরপর দিবসটি উপলক্ষ্যে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বাণী পাঠ করে শোনানো হয়।

মান্যবর রাষ্ট্রদূতের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তাগণ ২১ অগাস্টের ভয়াবহ হামলায় নিহতদের ত্যাগের কথা স্মরণ করেন ও তাদের বিদেহী আত্মার চিরশান্তি কামনা করেন। পাশাপাশি তারা এই ন্যাক্তারজনক ঘটনার পটভূমি ও ঘটনাপ্রবাহ আলোচনা পূর্বক দায়ী ব্যক্তিদের বিচারের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি কার্যকরের দাবি জানান।

আলোচনা সভায় সভাপতির ভাষণে মান্যবর রাষ্ট্রদূত জনাব কামরুল আহসান একুশে অগাস্টের হামলার কঠোর নিন্দা করে বলেন যে এই ঘটনা জাতীয় বিপর্যয়ের পাশাপাশি আন্তর্জাতিক পরিমঙ্গলেও বাংলাদেশের ভাবমূর্তিকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করে। মান্যবর রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে একুশে অগাস্টের হতাহতদের গভীর শুক্রার সাথে স্মরণ করে তাদের ত্যাগকে সকলের সামনে তুলে ধরার আহবান জানান।

পরিশেষে ২১ অগাস্ট গ্রেনেড হামলায় হতাহতদের সহ ১৯৭৫ সালের ১৫ অগাস্টে ঘাতকের কাপুরুষোচিত আক্রমনে শাহাদাতবরণকারী বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকলের আত্মার চিরশান্তি কামনা করে একটি দোয়া মাহফিল আয়োজন করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

